



পারমাণবিক সাবমেরিনসহ সামরিক মহড়া রাশিয়ার



সংগৃহীত ছবি

রাশিয়া নিজেদের কৌশলগত পারমাণবিক সক্ষমতা প্রদর্শনে বৃহৎ পরিসরের সামরিক মহড়া শুরু করেছে। ইউক্রেন যুদ্ধ ও পশ্চিমা দেশগুলোর সঙ্গে চলমান উত্তেজনার মধ্যেই বুধবার (২০ মে) এ মহড়ার ভিডিও প্রকাশ করে রুশ প্রতিরক্ষা মন্ত্রণালয়।

মস্কোর পক্ষ থেকে জানানো হয়, মঙ্গলবার (১৯ মে) শুরু হওয়া এই মহড়া তিনদিনব্যাপী চলবে। সম্ভাব্য বাহ্যিক হুমকি বা আগ্রাসনের পরিস্থিতিতে পারমাণবিক অস্ত্র ব্যবহারের প্রস্তুতি ও দ্রুত প্রতিক্রিয়া সক্ষমতা যাচাই করাই এর মূল উদ্দেশ্য।

মহড়ায় ব্যালিস্টিক ও ক্রুজ ক্ষেপণাস্ত্রের অনুশীলনের পাশাপাশি অংশ নিচ্ছে রাশিয়ার স্থলভিত্তিক রকেট ইউনিট, বিমান বাহিনী এবং উত্তর ও প্রশান্ত মহাসাগরীয় নৌবহর। এতে প্রায় ৬৪ হাজার সেনাসদস্য অংশগ্রহণ করছেন বলে জানিয়েছে রুশ কর্তৃপক্ষ।

এ সামরিক মহড়ায় ২০০টির বেশি ক্ষেপণাস্ত্র লঞ্চার, ১৪০টি যুদ্ধবিমান ও কৌশলগত বোম্বার্ক বিমান ব্যবহার করা হচ্ছে। পাশাপাশি মোতায়েন রয়েছে ৭৩টি যুদ্ধজাহাজ ও সাবমেরিন। এর মধ্যে ১৩টি সাবমেরিনের ৮টিই কৌশলগত পারমাণবিক সক্ষমতাসম্পন্ন। এছাড়া প্রায় ৭ হাজার ৮০০ সামরিক সরঞ্জামও ব্যবহৃত হচ্ছে এই মহড়ায়।